গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫




A

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনঃরুদ্ধারের কাজ করছে। গত ৩ (তিন) বছরে সিরাজগঞ্জ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জের আওতায় ২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হয়েছে এবং ৪টি প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। বিগত ৩ (তিন) বছরে সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জের অধিক্ষেত্রে ১৮.০০ কিঃমিঃ নদীতীর সংরক্ষন কাজ, ৩.০০ কিঃমিঃ বাঁধ নির্মান কাজ, ৪৬.৮০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরন কাজ, ৯৬.০০ কিঃমিঃ খাল পুনঃখনন, ৬.০০ কিঃমিঃ যমুনা নদী ড্রেজিং, ৫৫.০০ কিঃমিঃ করতোয়া নদী ড্রেজিং, ৪টি স্পার/গ্রোয়েন মজবুত করন/পুনর্বাসন কাজ বাস্তবায়ন এর ফলে নদী ভাঙ্গন রোধ ও বন্যামুক্তকরণসহ ৩৬০০০ হেক্টর জমিতে জলাবদ্ধতা নিরসন করা হয়েছে। ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং প্রকল্পের আওতায় সিরাজগঞ্জে ১৬.০০ বর্গ কিঃমিঃ ভূমি পুনরুদ্ধারকৃত জমিতে অর্থনৈতিক অঞ্চল স্থাপন করতে যমুনা নদী ড্রেজিং করে ১৮২ লক্ষ ঘন মিটার ড্রেজড ম্যাটেরিয়াল দ্বারা ভূমি উন্নয়ন করা হয়েছে ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জের অধিক্ষেত্রের অবস্থান যমুনা নদীর অববাহিকায়, যার মধ্যভাগে চলনবিলসহ অন্যান্য বিলের অবস্থান। অধিক্ষেত্রের ভূ-প্রাকৃতিক অবস্থান, জলবায়ু পরিবর্তন, বরেন্দ্রভূমির ঢল ও প্রাকৃতিক দূর্যোগের কারণে ভৌত কাজ টেকসই করা কঠিন। শুষ্ক মৌসুমে উজানে পানি প্রবাহ বাধাগ্রস্থ হওয়ায় উত্তর-পশ্চিমভাগে পানির স্তর ক্রমাবনতি ও মরু প্রক্রিয়া আগত হওয়ায় সেচ সংকট বৃদ্ধি পায়। প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের রূপকল্প-২০৪১ এর বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সাল নাগাদ একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন করার রোডম্যাপ সরকার গ্রহণ করেছে। SDGs এর ৩টি লক্ষ্যমাত্রা অর্জনে লীড, ১টি লক্ষ্যমাত্রা অর্জনে কো-লীড এবং ২০টি লক্ষ্যমাত্রা অর্জনে এসোসিয়েট হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দায়িত্ব পালন করছে। জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দূর্যোগ সংক্রান্ত ঝুঁকি অর্থনীতির বিভিন্ন খাতসহ জাতীয় পর্যায়ের অভীষ্ট ও লক্ষ্য অর্জনে সরকার "বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০" নামে বাংলাদেশের প্রথম শতবর্ষী মহাপরিকল্পনা গ্রহণ করেছে। মহাপরিকল্পনাটির প্রায় ৮০% বাস্তবায়নের গুরু দায়িত্ব পানি সম্পদ মন্ত্রণালয় হতে অর্পিত এবং সে লক্ষ্যে ইতোমধ্যে প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন করা হচ্ছে। সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ কর্তৃক অত্র জেলার বন্যা পরিস্থিতি ও সার্বিক আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে নিম্নরূপ ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে। (১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় প্রায় ৪০ কিঃমিঃ নদী পুনঃখনন কাজ যথাযথভাবে সম্পন্ন করা। (২) সিরাজগঞ্জ জেলার সিংড়াবাড়ি, পাটাগ্রাম, বাঐখোলা এলাকার নদীভাঙ্গন রোধে ৩.০০ কিঃমিঃ নদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের মাধ্যমে উক্ত এলাকাকে নদীভাঙ্গন হতে রক্ষা করা। (৩) সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন ব্রাক্ষণগ্রাম-হাটপাঁচিল ও তৎসংলগ্ন এলাকার নদীভাঙ্গন রোধে ৬.০০ কিঃমিঃ নদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের মাধ্যমে উক্ত এলাকাকে নদীভাঙ্গন হতে রক্ষা করা। (৪) সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার খাষপুকুরিয়া হতে চর-সলিমাবাদ পর্যন্ত যমুনা নদীর বামতীরের ভাঙ্গন রোধে ৩.৬৪৫ কিঃমিঃ নদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের মাধ্যমে উক্ত এলাকাকে নদীভাঙ্গন হতে রক্ষা করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৩.৪০০ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন মাধ্যমে ০.০৩৬ লক্ষ হেক্টর নদী ভাঙ্গন রোধ ও বন্যামুক্তকরণ;
- প্রায় ১৫.০০ কিঃমিঃ নদী পুনঃখননের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা, নদীগুলির ধারন ক্ষমতা ও নাব্যতা বৃদ্ধি করা;
- প্রায় ১.৫০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতি করণ।



A

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল-এর মধ্যে ২০২৪ সালের ....জুন....... মাসের ......২৬....... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদেরসুষম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমেজনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ;

২. নদীর বেসিন ব্যবস্থার টেকসই উন্নয়ন ও অন্যান্য;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম;

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;

৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;

৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;

৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;

৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ/রবার ড্যাম নির্মাণ বিষয়ক কার্যাবলি; এবং

৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| বন্যা ঝুঁকি হ্রাস | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | ৫০ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা | [১.১.১] বাঁধ পুনরাকৃতিকরণ | ক্রমপুঞ্জিভূত | কিঃমিঃ | ১০ | | | ১.৫০০ | ১.৪৯ | ১.৪৮ | ১.৪৭ | ১.৪৬ | | |
| | | [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | ক্রমপুঞ্জিভূত | কিঃমিঃ | ৪০ | | | ৩.৪০০ | ৩.৩৯ | ৩.৩৮ | ৩.৩৭ | ৩.৩৬ | | |
| [২] নদীর বেসিন ব্যবস্থার টেকসই উন্নয়ন ও অন্যান্য; | ২০ | [২.১] বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [২.১.১] নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম মোট ২১৭.০০ কিঃমিঃ) | ক্রমপুঞ্জিভূত | কিঃমিঃ | ২০ | | | ১৫ | ১৪.৯ | ১৪.৮ | ১৪.৭ | ১৪.৬ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| | ২৩/০৬/২৪ |
| নির্বাহী প্রকৌশলী<br>সিরাজগঞ্জ পওর বিভাগ | তারিখ |
| 23/06/2024 | 23/06/2024 |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>বগুড়া পওর সার্কেল | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ২ | ওয়ারপো | ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন |
| ৩ | নগই | নদী গবেষনা ইনিস্টিটিউট |
| ৪ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৫ | বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| ৬ | সিডিএসপি | চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প |



A

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা | [১.১.১] বাঁধ পুনরাকৃতিকরণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী। |
| [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী। |
| [২.১] বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [২.১.১] নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম মোট ২১৭.০০ কিঃমিঃ) | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বাঁধের মাধ্যমে বন্যা বৃযবস্থাপনা | বাঁধ পুনরাকৃতিকরণ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অর্থ-বছরের একটি নির্দিষ্ট সময় পর্যন্ত উন্নয়ন ও পরিচালন খাতে কাজের কার্যাদেশ প্রদান স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো'র অনুরোধের প্রেক্ষিতে পাসম হতে অর্থ বিভাগে পত্র যোগাযোগ করে পাসম তথা বাপাউবো'র জন্য এই স্থগিতাদেশ প্রত্যাহারের অনুরোধ জানানো হবে। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম মোট ২১৭.০০ কিঃমিঃ) | প্রতিরক্ষা মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প সশস্ত্র বাহিনী বিভাগের আওতাধীন বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে অর্পিত ক্রয়কাজ প্রক্রিয়ায় বাস্তবায়িত হচ্ছে। পাসম তথা বাপাউবো'র এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে তাদের দায়বদ্ধতা রয়েছে। সে লক্ষ্যে পাসম ও বাপাউবো হতে তাদের সাথে নিয়মিত পত্র যোগাযোগ, বিবিধ উচ্চ পর্যায়ের সভা এবং কাজের সাইট যৌথ ভিজিটের মাধ্যমে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাঁধের মাধ্যমে বন্যা বৃযবস্থাপনা | বাঁধ পুনরাকৃতিকরণ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাঁধের মাধ্যমে বন্যা বৃযবস্থাপনা | বাঁধ পুনরাকৃতিকরণ | ভূমি মন্ত্রণালয় | জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে পাসম ও বাপাউবো পর্যায়ে ভূমি মন্ত্রণালয়ে পত্র যোগাযোগ, সভা, ভূমি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট ব্রিফিং প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম মোট ২১৭.০০ কিঃমিঃ) | ভূমি মন্ত্রণালয় | জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে পাসম ও বাপাউবো পর্যায়ে ভূমি মন্ত্রণালয়ে পত্র যোগাযোগ, সভা, ভূমি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট ব্রিফিং প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাঁধের মাধ্যমে বন্যা বৃযবস্থাপনা | বাঁধ পুনরাকৃতিকরণ | জনপ্রশাসন মন্ত্রণালয় | জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণ ও জমি অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থের চেক যথাসম্ভব দ্রুত ক্ষতিগ্রস্তদের নিকট হস্তান্তর করে দ্রুত জমির হুকুম দখল প্রাপ্তির লক্ষ্যে পাসম ও বাপাউবো পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনে পত্র যোগাযোগ এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম মোট ২১৭.০০ কিঃমিঃ) | জনপ্রশাসন মন্ত্রণালয় | জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণ ও জমি অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থের চেক যথাসম্ভব দ্রুত ক্ষতিগ্রস্তদের নিকট হস্তান্তর করে দ্রুত জমির হুকুম দখল প্রাপ্তির লক্ষ্যে পাসম ও বাপাউবো পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনে পত্র যোগাযোগ এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | জনপ্রশাসন মন্ত্রণালয় | জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণ ও জমি অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থের চেক যথাসম্ভব দ্রুত ক্ষতিগ্রস্তদের নিকট হস্তান্তর করে দ্রুত জমির হুকুম দখল প্রাপ্তির লক্ষ্যে পাসম ও বাপাউবো পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনে পত্র যোগাযোগ এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম মোট ২১৭.০০ কিঃমিঃ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | যে সকল ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্ট প্রয়োজন হবে তা সম্পাদন না করে তার উজান হতে ভাটি নদী ড্রেজিং/খনন করা যাবে না। প্রকল্পে ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্টের সংস্থান রয়েছে, উক্ত ব্রীজের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরামর্শক্রমে ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্ট কাজের বাস্তবায়ন করা যেতে পারে। সে লক্ষ্যে পাসম ও বাপাউবো হতে মন্ত্রণালয়/সংস্থা পর্যায়ে পত্র যোগাযোগ, আন্তঃমন্ত্রণালয় সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অর্থ-বছরের একটি নির্দিষ্ট সময় পর্যন্ত উন্নয়ন ও পরিচালন খাতে কাজের কার্যাদেশ প্রদান স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো'র অনুরোধের প্রেক্ষিতে পাসম হতে অর্থ বিভাগে পত্র যোগাযোগ করে পাসম তথা বাপাউবো'র জন্য এই স্থগিতাদেশ প্রত্যাহারের অনুরোধ জানানো হবে। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম মোট ২১৭.০০ কিঃমিঃ) | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অর্থ-বছরের একটি নির্দিষ্ট সময় পর্যন্ত উন্নয়ন ও পরিচালন খাতে কাজের কার্যাদেশ প্রদান স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো'র অনুরোধের প্রেক্ষিতে পাসম হতে অর্থ বিভাগে পত্র যোগাযোগ করে পাসম তথা বাপাউবো'র জন্য এই স্থগিতাদেশ প্রত্যাহারের অনুরোধ জানানো হবে। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ